দৈনিক সংবাদ

তারিখ JUN. ৭ 1999
পৃষ্ঠা ১২ কলাম ৬

# বুয়েটের স্নাতক কোর্সের ভর্তি পরীক্ষায় নির্বাচিতদের জন্য জ্ঞাতব্য

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে প্রকৌশল অনুষদগুলোর বিভিন্ন বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের স্নাতক কোর্সসমূহে নির্বাচিত ও অপেক্ষমাণ তালিকাভুক্ত প্রার্থীদেরকে মেধানুসারে নির্ধারিত তারিখ মোতাবেক আগামী ১৭ই জুন থেকে ১৯শে জুলাইয়ের মধ্যে এবং স্থাপত্য বিভাগের নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৫ ও ১৬ই জুন তাদের মূল মার্কশিট ও সনদপত্র, বিভাগ নির্বাচনের অপশন এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের 'পুরকৌশল অনুষদের ডিনের কার্যালয়ে উপস্থিত থাকার জন্য বলা হচ্ছে। কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে মূল মার্কশিট ও সনদপত্র, বিভাগ নির্বাচনের অপশন প্রদান এবং স্বাস্থ্য পরীক্ষায় ব্যর্থ হলে ঐ প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য করা হবে।

স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণ আগামী ২০শে জুন থেকে নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তি হতে পারবে। তবে সকল প্রার্থীকে ১লা আগস্টের মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে।